



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৬.২০২০/৮৫০/৮

তারিখঃ

২৬/০৬/১৪২৭ বঙ্গাব্দ
২৬/০৯/২০২০ খ্রিস্টাব্দ

বিষয় : দিনাজপুর জেলার খানসামা উপজেলাধীন হোসেনপুর ডিগ্রি কলেজের ০৩ জন প্রভাষকের সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের বিষয়ে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০১.২০২০/৭২, তারিখ: ২৬/০২/২০২০ খ্রি:
২. রিট পিটিশন নং-১৪৬০৭/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার খানসামা উপজেলাধীন হোসেনপুর ডিগ্রি কলেজের ০৩ (তিন) জন প্রভাষক ১. জনাব আনিছুর রহমান, প্রভাষক (ইতিহাস), ইনডেক্স নং-৮৩৭৭০৪; ২. জনাব মো: এমতাজুল হক শাহ, প্রভাষক (ইসলাম শিক্ষা), ইনডেক্স নং-৮৩৭৭০৫ ৩. জনাব মো: আনোয়ারুল ইসলাম, প্রভাষক (পৌরনীতি), ইনডেক্স নং-৮৩৭৭০৬-এর চাকুরীকাল ০৮ বছর পূর্ণ হওয়ায় সহকারী অধ্যাপকের স্কেল প্রদান না করায় মহামান্য হাই কোর্ট বিভাগে মামলা দায়ের করেন এবং শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত স্মারক মোতাবেক বর্ণিত প্রতিষ্ঠানে সহকারী অধ্যাপকের পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। সেই প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী মহামান্য হাই কোর্টের আদেশ অনুসারে পিটিশনারগণ-কে শূণ্য পদে সহকারী অধ্যাপকের পদে পদোন্নতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, বর্ণিত প্রতিষ্ঠানে ০৩ জন প্রভাষক-এর সূত্রোক্ত রিট পিটিশনের আদেশ অনুযায়ী সহকারী অধ্যাপক হিসেবে শূণ্য পদে পদোন্নতি প্রদানের বিষয়টি জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ মোতাবেক নিষ্পত্তি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alcan ২৬
২৬.৭.২০২০
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

হোসেনপুর ডিগ্রি কলেজ
খানসামা, দিনাজপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, হোসেনপুর ডিগ্রি কলেজ, খানসামা, দিনাজপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খানসামা, দিনাজপুর।
- ৫। জনাব -----, প্রভাষক -----, হোসেনপুর ডিগ্রি কলেজ, খানসামা, দিনাজপুর।
- ৬। সংরক্ষণ নথি।